

বাংলাদেশে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের কৃষক পরামর্শ

মেয়াদকাল: ১৮-২৪ এপ্রিল ২০২৪

সতর্কবার্তা: ০৯

মূলবার্তা

বাংলাদেশে গমের মৌসুম কার্যত শেষের দিকে। বাংলাদেশের বেশিরভাগ অঞ্চলে কৃষকরা ইতিমধ্যেই তারা তাদের গম কেটে ফেলেছে। তবে দেরিতে রোপণ করা গম পরিপক্বতার পর্যায়ে রয়েছে। দেশের বিভিন্ন জেলায় মাঠে গমের পাতার মরিচা ও ব্লাস্ট রোগের উপস্থিতি পাওয়া গেছে তবে তা এখন ঝুঁকির পর্যায়ে বাহিরে।

পরামর্শ

২১-২৯ এপ্রিল এর মধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দেরিতে বোনা গম পরিপক্বতা পর্যায়ে থাকলে তা দ্রুত কর্তন করার জন্য সুপারিশ করা হলো।

সুপারিশ

যে কোনো প্রকার প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডার্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।